HSE
Health & Safety Executive

ক্যাটারিং যন্ত্রপাতি ও কর্মস্থল বাছাই এবং ব্যবহারের সময় হেলথ্ এন্ড সেইফটি সংক্রান্ত পরিকল্পনা

ক্যাটারিং ইনফরমেশন শিট নং- 9

ভূমিকা

ক্যাটারিং ইন্ডাস্ট্রিতে হেলথ্ এন্ড সেইফটি সংক্রান্ত লিয়াজোঁ কমিটি এই ইনফরমেশন শিট প্রকাশ করেছে।

ক্যাটারিং শিট নং 8- ক্যাটারিং যন্ত্রপাতি এবং কাজেরজায়গার হেলথ্ এবং সেইফটি ব্যবস্থাপনা (সিএআইএস 8 1997 এইচএসই বুক্স্) —তে আপনি যখন যন্ত্রপাতি কিনবেন ও ব্যবহার করবেন তা সতর্কতার সাথে পরিকল্পনা করা যে কতটুকু গুরুত্বপূর্ন তার উপর জোর দেয়া হয়েছে। এই গাইডেন্স এটাকে অনুসরণ করেছে এবং আপনি যখন কোন যন্ত্রপাতি ও কাজেরজায়গা নির্ধারণ, সংস্কার ও ব্যবহার করবেন তার প্রতিটি পদক্ষেপে পরিকল্পনা প্রণয়নে আপনাকে ইহা হেলথ্ এবং সেইফটি সংক্রান্ত গুরুত্ব পূর্ন পয়েন্ট যোগান দেবে।

করণীয় কাজগুলির পরিকল্পনা

প্রত্যেকটি ক্যাটারিং কাজ যন্ত্রপাতি দিয়ে সম্পাদন করার উপযুক্ত হতে হবে এবং আপনার কর্মসংস্থানের জন্যও তা উপযুক্ত হতে হবে।

নিরাপত্তা নির্ভর করছে বিল্ডিং, যন্ত্রপাতি, ক্যাটারিং কাজকর্মের নমুনা ও পরিমান এবং আপনার ষ্টাফের যোগ্যতার সম্পর্কের উপর। এই বস্তুগুলির যে কোন একটি আপনার ক্যাটারিং কাজ যেভাবে সম্পাদন করেন সে ক্ষেত্রে সীমাবদ্ধতা আরোপ করতে পারে- যেমন আপনি যে নতুন ফ্রাইয়ার কেনার কথা ভাবছেন, তা স্থান অথবা বায়ুচলনের অভাবে হয়তো নিরাপদ নয়।

লেআউট পরিকল্পনা

ভাল লেআউট হলো আপনার প্রতিষ্ঠানের উন্নত হেলথ্ এবং সেইফটির মূল চাবিকাঠি। আপনি যখন নতুন লেআউটের পরিকল্পনা করবেন বা পুরাতন একটি পর্যালোচনা করবেন, তখন আপনাকে অবশ্যই একসাথে সকল ধরনের ঝুঁকি অবসান, বা এগুলোকে যতটুকু সম্ভব কমিয়ে আনার গুরুত্বটি বিবেচনায় নিতে হবে । আপমাকে বিল্ডিং, যন্ত্রপাতি, পদ্ধতি, কাজেরধারা, স্টাফ ও হাইজিনের বিষয়টি বিবেচনা করা প্রয়োজন।

আপনি যে ব্যবস্থাই গ্রহন করুন না কেন আপনাকে হেলথ্ এবং সেইফটির মতো হাইজিনের চাহিদাও পুরণ করতে হবে। যেমন, যন্ত্রপাতির ডিজাইন, ফ্লোর সারফেস্ এবং ওয়ার্করুমের তাপমাত্রা।

উপযোগি কর্মস্থলের নিশ্চয়তা

আপনার কর্মস্থলের দেয়াল, মেঝে, লাইটিং, ভেন্টিলেশন এবং অন্যান্য পরিবেশগত বিষয়গুলো অবশ্যই আইনি চাহিদা অনুযায়ী হতে হবে। নিরাপদ মেঝে, ভেন্টিলেশন ও লাইটিং হলো বিশেষ করে গুরুত্ববহ। এগুলো প্রায়ই ক্যাটারিং প্রতিষ্ঠানগুলোতে অবহেলা করা হয়।

মেঝে

মেঝে সম্পর্কে তথ্যাদি ক্যাটারিং ইনফরমেশন শিট নং 6- পিছলে পড়া এবং হোঁচটঃ ক্যাটারিং ইন্ডাস্ট্রির জন্য সারসংক্ষেপ গাইডেন্স (সিএআইএস 6 1996 এইচএসই বুক্স্) —এ দেয়া হয়েছে।

ভেন্টিলেশন

- বাষ্প ও দাহ্য ধোঁয়া অবশ্যই তাদের নিকটতম সূত্র দিয়ে বের হবার ব্যবস্থা থাকতে হবে।
- ওয়ার্করুম অবশ্যই ঠান্ডা এবং গন্ধ অবশ্যই বিশুদ্ধ হওয়া দ্বারা অপসারিত হবে।
- যে বাতাস বাষ্প বের করে নিচ্ছে বা বাষ্প মিশ্রিত হচ্ছে তার পরিবর্তে কৃতিম বাতাসের ব্যবস্থা।
- বাতাসের গুনগত দিক নিয়মিত পরীক্ষা করার বিষয়টি সাধারনতঃ প্রয়োজনীয় নয়। কোন বিশেষ পরিস্থিতিতে আপনার যদি কোন সন্দেহ হয়, তাহলে আপনি সাহায্যের জন্য ট্রেড এসোসিয়েশনকে বলতে পারেন।

লাইটিং

- প্রয়োজনীয় মাত্রার লাইটিং-এর ব্যবস্থা করতে হবে, যাতে কর্মচারী বিপদজ্জনক কিছু হলে দেখতে পায়।
- বারান্দা ও কাজের জায়গাগুলোতে অবশ্যই প্রয়োজনীয় মাত্রার লাইটিং —এর ব্যবস্থা করতে হবে, যাতে কর্মচারীরা সঠিকভাবে ও নিরাপদভাবে কাজ করতে পারে।

উপযোগি যন্ত্রপাতি বাছাই

হেলথ্ এবং সেইফটির দিক দিয়ে যে যন্ত্রপাতি 'উপযোগি' শুধু মাত্র সেগুলো ব্যবাহার করুন। কেনার পূর্বে নতুন যন্ত্রপাতির কোন অংশ ঝুঁকির কারণ হতে পারে কি না তার সব সম্ভাব্যতা পরীক্ষা করুন। এছাড়া আপনাকে বর্তমান কোন যন্ত্রপাতি ঝুঁকির কারণ হতে পারে কিনা তার সকল ধরনের সম্ভাব্যতা যাচাই অবশ্যই করতে হবে। যে যন্ত্রপাতি অবশ্যই কেবল কাজের জন্য ব্যবহৃত হবে। যন্ত্রপাতি অবশ্যই কেবল উপযোগি কাজের স্থানে এবং যে কর্মচারী এটি নিরাপদে ব্যবহার করতে নির্ভরশীল তার দ্বারা ব্যবহৃত হবে। যন্ত্রপাতি বাছাই করার সময় নিম্নের বিষয়গুলো বিবেচনা করুন।

চালকের জন্য এটি উপযোগি কি না?

যারা যন্ত্রটি ব্যবহার করবেন তাদের যোগ্যতা অনুসারে ইহা কি উপযোগি? খাটো এবং দুর্বল স্টাফের জন্য যন্ত্রটি যাতে বেশী বেমানান বা বেশী ভারি না হয় তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।

আকার এবং মোটাসোটা

- বড় আকারের যন্ত্রপাতি কাজের জায়গাকে সীমিত ও বিপদজ্জনক করে তুলতে পারে।
- ঘরে ব্যবহারের জন্য যে যন্ত্রপাতি তৈরী করা হয়েছে তা স্বাভাবিকভাবেই ক্যাটারিং প্রতিষ্ঠানে ব্যবহারের অনুপযোগি এবং তা যেথেষ্ট মোটাসোটা নাও হতে পারে।

কর্ম ক্ষমতা

কর্ম ক্ষমতা শেষ হয়ে গেলে আর ঐ যন্ত্রপাতি ব্যবহার করবেন না। যন্ত্রপাতির অংশগুলোর আয়ু তার আকার, ব্যবহারের সময়কাল, কতটুকু উপযোগি এবং কত ভালভাবে এটা রক্ষনাবেক্ষন করা হয়েছে তার নির্ভর করবে এছাড়াও, নতুন যন্ত্রপাতিতে এখন উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা যুক্ত করা যেতে পারে।

সেইফটি মান 1 জানুয়ারী 1993'র আগে ব্যবহৃত যন্ত্রপাতি

যদি কাজের যন্ত্রপাতি 1 জানুয়ারী 1993'র আগে ব্যবহৃত হয়ে থাকে তাহলে ইহা কেনার সময়ে ইহার নিরাপত্তা ব্যবস্থা অবশ্যই হেলথ্ এবং সেইফটি চাহিদা পূরণ করেছে। এই ব্যাপারে এইচএসই প্রকাশনা [1,2,3,4] -তে তথ্য দেয়া হয়েছে।

1 জানুয়ারী 1993 'র আগে ব্যবহৃত যন্ত্রপাতিকেও এখন গার্ডিং, আগুন লাগা বা গ্যাস নির্গত হওয়ার ঝুঁকি (যেমন, রেফ্রিজারেন্টস্) বা ধূলো, সে সব পদার্থ, যার কারনে মানুষের পিছলে পড়ার সম্ভাবনা, পুড়ে যাওয়া ও ছেকা থেকে প্রতিরক্ষা, নিরাপদ নিয়ন্ত্রন, লাইটিং, মার্কিং, ওয়ার্নিং এবং রক্ষনাবেক্ষনের নিরাপদ পদ্ধতি সংক্রান্ত কতিপয় নতুন নির্দিষ্ট চাহিদা পূরণ করতে হবে 31 ডিসেম্বর 1996 পর্য্যন্ত বিদ্যমান যন্ত্রপাতি ব্যবহারের মত দেয়া হয়েছিল।

কিন্তু, এটা সর্বসম্মত যে, ওভেন ছাড়া আর কোন ক্যাটারিং যন্ত্রপাতি অতীত অবস্থা থেকে বর্তমান অবস্থায় উন্নীত করার প্রয়োজন নেই, যদি তা 1 জানুয়ারী 1993 'র আগে ব্যবহৃত সংশ্লিষ্ট চাহিদা পূরণ করে থাকে। বিশেষ করে, ইমার্জেন্সি স্টপ কন্ট্রোল সংযুক্ত করে, মেশিন ব্রেকিং বা নোভল্ট' মুক্ত করে বর্তমান মেশিনগুলোকে পরিবর্তন করার চিন্তা করা সঠিক নয়, আসলেই চাওয়া হয় নাই।

কিন্তু, গ্যাস —ফায়ার্ড, ম্যানুয়েলি ইগনিটেড ওভেন সংক্রান্ত পরিকল্পনা প্রতিস্থাপন বা পরিবর্তনের পরামর্শ, এখন পাইলট ফ্লেম বা ফ্লেম ফেইলর প্রটেকশন যৌক্তিকভাবে ব্যবহারযোগ্য, এ সম্পর্কে ক্যাটারিং ইনফরমেশন শিট নং 3 ম্যানুয়েলি জ্বালানো গ্যাস-আগুন ক্যাটারিং যন্ত্রপাতির প্রতিষেধক (সিএআইএস3 1995 এইচএসই বুকস্) — তে আলোচনা করা হয়েছে।

সেইফটি মান-1 জানুয়ারী 1993 'র পর ব্যবহৃত যন্ত্রপাতি

1 জানুয়ারী 1993 'র পর ব্যবহারের জন্য আনীত সকল নতুন যন্ত্রপাতি যাতে ইউরোপিয়ান প্রডাক্ট সেইফটি নির্দেশাবলী পূরনে সক্ষম হয় তা আপনাকে যৌক্তিকভাবে নিশ্চিত করতে হবে এইগুলো বাস্তবায়নের জন্য সরবরাহকারীকে অব্যশই জাতীয় আইন মেনে চলতে হবে।

সমন্বিত ইউরোপিয়ান স্টান্ডার্ড ক্যাটারিং যন্ত্রপাতির অধিকাংশ আইটেমের জন্য প্রস্তুত করা হয়েছে। এই স্টান্ডার্ড ইউরোপিয়ান সকল দেশে চালু করতে হবে এগুলো ইউকে'তে বৃটিশ স্টান্ডার্ড এবং ম্যানুফ্যাকচারারগণ কিভাবে প্রয়োজনীয় নির্দেশাবলী পূরণ করবেন তার গাইড হিসাবে চিহ্নিত হবে।

নতুন যন্ত্রপাতি সংক্রান্ত সিই মার্ক আপনাকে বলে দেবে সরবরাহকারীগণ সংশ্লিষ্ট নির্দেশাবলী পালন করেছে বলে ঘোষণা করেছে কি না।

সিট মার্কটি অবশ্য 1 জানুয়ারী 1995'র পর সরবরাহকৃত নতুন মেশিনগুলোর উপর হতে হবে ইহা 1 জানুয়ারী 1997—এর মধ্যে লো ভোল্টেজ ডাইরেক্টিভ অনুযায়ী এবং 1 জানুয়ারী 1996—এর মধ্যে গ্যাস এ্যাপ্লায়েন্স ডাইরেক্টিভ অনুযায়ী নতুন যন্ত্রপাতির উপর হতে হবে।

সেইফটি মান — ব্যবহৃত, ভাড়া করা এবং লিজকৃত যন্ত্রপাতি

যদি এধরনের যন্ত্রপাতি ৰ জানুয়ারী ৰজ্জ্বজ্জ্বছ— এর পর ব্যবহরের জন্য নিয়ে আসা হয়, এগুলো নতুন হিসেবে বিবেচনা করা হবে এবং এগুলো যে নতুন যন্ত্রপাতি সংক্রান্ত দ্যা প্রভিশন এন্ড ইউজ অব ওয়ার্ক ইকুইপমেন্ট রেগুলেশন্স ৰজ্জ্বজ্জ্বচ (পুয়ার) —এ উল্লেখিত আইনী চাহিদাগুলো পূরন করছে তা দেখার দায়িত্ব আপনার।

1 জানুয়ারী 1993'র পর যে ব্যক্তি ইইউ'তে প্রথম যন্ত্রপাতি সরবরাহ করেছে তাকে অবশ্যই এগুলো যে সংশ্লিষ্ট প্রডাক্ট সেইফটি নির্দেশাবলী বা জাতীয় আইনের চাহিদা পূরণ করেছে তা নিশ্চিত করতে হবে। আইনতঃ যে ব্যক্তি কোন যন্ত্রপাতি বিক্রি, ভাড়া বা লিজ দিয়ে থাকে, অবশ্যই তাকে এগুলো যে নিরাপদ, যৌক্তিকভাবে ব্যবহারযোগ্য তা নিশ্চিত করতে হবে। তাদেরকে অবশ্য তথ্যও সরবরাহ করতে হবে। ব্যতিক্রমভাবে, সরবরাহকারীকে অবশ্যই লো ভোল্টেজ ডাইরেক্টিভের চাহিদা পূরণের বিষয়টি নিশ্চিত করতে হবে, যদি তা সংশ্লিষ্ট হয়।

সংযোগের মান

সংযোগকৃত যন্ত্রপাতি, সার্ভিসেস এবং বিল্ডিং —এর গঠন অবশ্যই নিরাপদ হতে হবে। আপনার প্রতিষ্ঠানের লেআউটের ডিজাইন বা সংযোগের ব্যবস্থা যখন করবেন, তখন স্বাভাবিকভাবে প্রস্তুতকারী বা সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত প্রয়োজনীয় টেকনিক্যাল স্পেসিফিকেশন বা সংযোগ নির্দেশাবলীর প্রয়োজন।

বিএস 6173ঃ ইনস্টল্যাশন অব গ্রাস ক্যাটারিং এ্যাপ্লায়েন্সেস্ গ্যাস যন্ত্রপাতির সংযোগের ক্ষেত্রে নিরাপদ মান বিষয়ে গাইডেন্স প্রদান করে।

ইলেক্ট্রিক্যাল সংযোগের ক্ষেত্রে অবশ্যই দ্যা ইলেক্ট্রিসিটি এ্যাট ওয়ার্ক রেগুলেশন্স 1989 এবং ভাল ব্যবহার সংক্রান্ত গাইড বিএস 7671ঃ রিকুয়ারমেন্টস্ ফর ইলেক্ট্রিক্যাল ইস্টল্যাশন মানতে হবে।

নির্ভরযোগ্য সংযোগকারী

সংযোগকারী কন্ট্রাক্টর বাছাই-এর ক্ষেত্রে আপনাকে অবশ্যই সকল ধরনের যৌক্তিক পদক্ষেপ নিতে হবে, যে নিরাপদভাবে কাজ করবে এবং নিরাপদ সংযোগ করে দেবে। নিরাপদ সংযোগের জন্য মূল দায়িত্ব হলো সংযোগকারীর । যন্ত্রপাতি একমাত্র প্রশিক্ষিত ও নির্ভরযোগ্য লোক দ্বারা সংযোগ করতে হবে।

ইন্ডাস্ট্রিয়েল এলাকা ব্যতীত গ্যাসের কাজ অবশ্যই একমাত্র রেজিস্টার্ড ---- সংযোগকারী দ্বারা করাতে হবে।

ইলেক্ট্রিক্যাল সংযোগ কাজ অবশ্যই নির্ভরযোগ্য ব্যক্তি দ্বারা করাতে হবে।

সংশ্লিষ্ট ট্রেড এন্ড প্রফেশনাল এসোসিয়েশনের কাছে কন্ট্রাক্টরদের তালিকা রয়েছে, যারা প্রয়োজনীয় ট্রেনিং সম্পন্ন করেছেন।

হেলথ্ এবং সেইফটি নির্দেশনা

সকল ধরনের কার্যক্রম পরিচালনা এবং রক্ষনাবেক্ষন নির্দেশনা রেফারেন্সের জন্য কিচেনের সহজে প্রবেশ করা যায় এমন স্থানে সতর্কতার সাথে রাখার জন্য জোরালো অনুমোদন করা হয়েছে।

প্রেশার সিস্টেম, যেমন স্টিম জ্যাকেটেড প্যানস্ —এ অপারেটিং —এর নিরাপদ মাত্রা নির্ধারণ এবং তার জন্য পরিদর্শনের একটি লিখিত স্কীম তৈরী করতে হবে এবং নির্ভরযোগ্য ব্যক্তি দ্বারা তা পরিচালনা করতে হবে।

কতিপয় যন্ত্রপাতি নিয়মিত পরিদর্শন ও পরীক্ষা করা প্রয়োজন, যাতে এগুলো 'সঠিকভাবে কাজ করার উপযোগি থাকার' চাহিদা পূরণ করেঃ বহনযোগ্য, হাতে বহন করার মত ইলেক্ট্রিক্যাল যন্ত্রপাতি, নিজের হোক বা দীর্ঘমেয়াদী ভাড়া হোক, তাতে কোন ধরনের ত্রুটি আছে কি না তা চাক্ষুস পরীক্ষার প্রয়োজন রয়েছে। শুরু থেকে প্রতি 6-12 মাসের মধ্যে তা করা হবে। ইহা অনুমোদন [5,6] করে যে, এই যন্ত্রপাতিও প্রাথমিকভাবে প্রতি 1-2 বছরে সমন্বিত পরিদর্শন ও পরীক্ষা করা হবে। যন্ত্রপাতি একস্থান থেকে অন্যস্থানে স্থানান্তরের জন্য (যেমন ক্যাটারিং কাজে এবং স্বল্পমেয়াদী ভাড়া)

রক্ষণাবেক্ষণ

রক্ষণাবেক্ষনের মান

যেখানে হেলথ্ এন্ড সেইফটির বিষয় জড়িত, সেখানে যন্ত্রপাতি এবং কর্মস্থল অবশ্যই দক্ষতার সাথে সঠিকভাবে রক্ষনাবেক্ষন এবং ভালভবে মেরামত করতে হবে। সবকিছু যাতে সঠিকভাবে রক্ষনাবেক্ষন করা হয় তা নিশ্চিত করার জন্য নিয়মিত পরিদর্শন করা প্রয়োজন। প্রস্তুতকারীর প্রতিরোধমূলক রক্ষনাবেক্ষন লোকাল অভিজ্ঞতার আলোকে বাস্তবায়ন করা প্রয়োজন। একটি স্বনামধন্য কোম্পানীর (উদাহরণস্বরূপ, ম্যানুফেকচারার কর্তৃক সুপারিশকৃত) সাথে সম্পূর্ন রক্ষনাবেক্ষন কাজের কন্ট্রাক্ট করা সস্তা হবার সম্ভাবনা রয়েছে এবং একই সময়ে পরিপূর্ন রক্ষনাবেক্ষন ও হবে।

নিয়মিত পরিস্কার ও ময়লা পরিস্কারের সাথে সাথে সময় গভীর পরিস্কার কাজও করা দরকার। বাড়তি যন্ত্রপাতি সরিয়ে ফেলা উচিত।

যে ব্যক্তি যন্ত্রপাতি ও বিল্ডিং —এর দায়িত্বে নিয়োজিত তাকে যে এলাকায় এ্যাজবেস্টস্ বিদ্যমান রয়েছে তা চিহ্নিত করে নিশ্চিত করতে হবে। এছাড়া তাদেরকে অবশ্যই রেকর্ড রাখতে হবে এবং এ ব্যাপারে সতর্ক করা হয়েছে তা নিশ্চিত করতে হবে এরফলে মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারের মত কোন লোক যথাযথ প্রতিক্ষামূলক পোশাকাদি পরিধান না করে এ্যাবজেস্টস নিয়ে নাড়াচাড়া করবে না।
ভেন্টিলেশন সিস্টেম অবশ্যই সংস্কার করতে হবে এবং সংক্রান্ত রেকর্ড রাখতে হবে। জানুয়ারী 'র পর ভেন্টিলেশন সিস্টেমে আরেকটি সক্রিয় অংশ যুক্ত হয়েছে, যা সতর্ক সংকেত দিবে এবং তা দেখা যেতে পারে এবং যদি সিস্টেম কাজ না করে তাহলে শোনা যাবে।
সংস্কার সংক্রান্ত নথিপত্র সযত্নে রাখতে হবে। যেখানেই রাখা হোক না কেন তাতে অবশ্যই সর্বশেষ রিপোর্ট লিখে রাখতে হবে।

রক্ষণাবেক্ষন স্টাফের যোগ্যতা

একমাত্র যোগ্য ব্যক্তি রক্ষনাবেক্ষন কাজ করতে পারবে, যার যথাযথ তথ্য, নির্দেশনা এবং প্রশিক্ষন রয়েছে।

পরিদর্শন এবং পরীক্ষা

কোন ধরনের বিপদ চিহ্নিতকরণ ও নিয়ন্ত্রন চেক করার জন্য বিল্ডিং এবং যন্ত্রপাতি পরিদর্শন করা প্রয়োজন ।

- ♦ নিরাপত্তা সংশ্লিষ্ট জিনিসপত্র, যেমন গার্ড ইন্টারলক্, যা কার্যকর আছে কি না তা নিশ্চিত করার জন্য প্রতি শিফ্টে চেক করার প্রয়োজন হতে পারে;
- ♦ জায়গা, কাঠামো এবং ফিটিংস, এটা নিশ্চিত করতে হবে যে, এ ধরনের কাঠামো (যেমন, পিচ্ছিল বা ছিদ্রযুক্ত মেঝে) এবং ত্রুটি চিহ্নিত করা গেছে।

আইন মোতাবেক কিছু যন্ত্রপাতি পরিদর্শন ও পরীক্ষা করতে হবে।
যন্ত্রপাতি সরবরাহকারী বা ইঞ্জিনিয়ারিং ইন্সপেক্শন্ কোম্পানী এই পরিদর্শনগুলো পরিচালনা করবেঃ

- ♦ লিফ্টিং মেশিনগুলো (প্যাসেঞ্জার বা মালবাহী) ব্যবহার করার পূর্বে অবশ্যই পরিদর্শন ও পরীক্ষা করা হবে। এছাড়া এগুলো কর্মক্ষম থাকা অবস্থায় নিয়মিত পরীক্ষা করা হবে। পরিদর্শনের রেকর্ড অবশ্যই রাখতে হবে।

ইহা অনুমোদন [5,6] করে যে, এগুলো ইস্যু করার আগে এবং ইহা ফেরত দেবার পরে চাক্ষুস পরীক্ষা করা হবে।

সেইফটি নিশ্চিত করার জন্য, আপনার অভিজ্ঞতায় যদি প্রয়োজন মনে হয় তাহলে সহজে বহনযোগ্য নয় এমন যন্ত্রপাতি অবশ্যই ঘন ঘন পরিদর্শন ও পরীক্ষা করতে হবে [5,6]।

গ্যাস সংশ্লিষ্ট যন্ত্রপাতি এবং সংযোগ যে যথেষ্ট পরিমানে নিরাপদ অবস্থায় আছে তা নিশ্চিত করার জন্য এগুলো প্রায়ই পরিদর্শন করা দরকরা। যদি কোন ব্যক্তি কোন জায়গায় গ্যাস যন্ত্রপাতির মালিক হন, তাহলে তাদেরকে জানান (যেমন ক্যাততারারগণকে), তাদের দায়িত্ব হলো এগুলো নিরাপত্তাজনিত চেক যাতে অন্ততঃ বছরে একবার হয় তা দেখা।

ভেন্টিলেশন সিস্টেম যে সুষ্ঠভাবে কাজ করছে তা নিশ্চিত করার জন্য তা পরিদর্শন ও রক্ষনাবেক্ষন করা দরকার।

নিরাপদ পদ্ধতি স্থাপন

কোন বড় ধরনের ঝুঁকির সম্ভাবনা আছে কি না তা দেখার জন্য আপনাকে অবশ্যই ক্যাটারিং কার্যক্রম এবং অন্যান্য বিষয় মূল্যায়ন করতে হবে এবং সে অনুযায়ী নিরাপদ কাজের পদ্ধতি ঠিক করতে হবে। স্টাফকে ট্রেনিং দেয়া ও তত্বাবধান করার কাজে সাহায্যের জন্য এই পদ্ধতিগুলোর রেকর্ড রাখা গুরুত্বপূর্ন। রক্ষনাবেক্ষন ও পরিস্কার করার জন্য কেমিক্যাল ব্যবহার এবং ব্যক্তিগত প্রতিরক্ষা যন্ত্রপাতি (পিপিই) ব্যবহারের নিরাপদ পদ্ধতি নির্ধারণ বিশেষভাবে জরুরী।

কেমিক্যালস্

যে কেমিক্যালে স্বল্পতম পরিমানে বিপদ রয়েছে এবং কাছে আসার ঝুঁকি ছাড়াই স্টাফ যা ব্যবহার করতে পারবে তা বাছাই করতে হবে। কেমিক্যাল বাছাই করার ক্ষেত্রে সব সময় প্রস্তুতকারীর নির্দেশাবলী ও তথ্য পড়বেন। যদি কাছে আসা এড়ানো না যায় তাহলে অবশ্যই যথাযথভাবে তা নিয়ন্ত্রন করতে হবে (যেমন সংযুক্ত ট্রান্সফার সিস্টেম এবং পিপিই ব্যবহার করে)।

ব্যক্তিগত প্রতিরক্ষা যন্ত্রপাতি (পিপিই)

কর্মস্থলে অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা থাকলেও স্টাফের পিপিই পরার প্রয়োজন হতে পারে। আপনাকে অবশ্যই এ ধরনের বিশেষ পরিস্থিতি চিহ্নিত করতে হবে। মনে রাখবেন, পিপিই হলো সর্বশেষ অবলম্বন, যদিও কখনো কখনো অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা থাকা সত্বেও পিপিই অস্থায়ী ব্যবস্থা হিসেবে বিবেচিত হয়। আপনি যে ধরনের পিপিই ঠিক করবেন তা যাতে সংশ্লিষ্ট ঝুঁকির জন্য, স্টাফের যে সদস্য জড়িত ও আপনার বিশেষ কাজের

পরিবেশ ও এটা যাতে সহজে পরিস্কার ও হাইজিন রাখা যায় তা আপনাকে নিশ্চিত করতে হবে। ঐ পিপিই যাতে সঠিকভাবে মজুত করা হয় এবং তা সুষ্ঠুভাবে রক্ষনাবেক্ষন করা হয় তা আপনাকে নিশ্চিত করতে হবে। আপনার পিপিইতে যা যুক্ত হবেঃ

- পিছলে পড়ার ঝুঁকির ক্ষেত্রে পিচ্ছিলবিহীন জুতা
- সুতির কাপড় (যেমন শেফের সাদা) যেখানে ঝুঁকির সম্ভাবনা রয়েছে সেখানে তৈরী পোষাকের উপাদান আগুন লাগার ঘটনার প্রকোপ বৃদ্ধি করবে;
- যে স্টাফ কস্টিক ক্লিনিং দ্রব্যাদি নাড়াচাড়া করে তার জন্য লম্বা হাতওয়ালা ভিনিল গ্লাভস্ গগলস্ বা মুখোশ, এবং শ্বাস নেবার সহায়ক যন্ত্রপাতি ;
- এছাড়া ফুড হাইজিনের কারণে অন্যান্য কাপড়ের প্রয়োজন হতে পারে।

নিরাপদ অপারেশন

নির্দেশনা, তথ্য, ট্রেনিং এবং যোগ্যতা
যে কোন যন্ত্রপাতি বা কর্মস্থলে অন্য কোন দ্রব্য সংযোগ, রক্ষনাবেক্ষন, পরিস্কার বা চালনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির জন্য সকল ধরনের ব্যবস্থা করা এবং ঝুঁকির ক্ষেত্রে সুপারভাইজারের যে নিজেদেরকে রক্ষা করার প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা রয়েছে তা নিশ্চিত করা গুরুত্বপূর্ন।

- সাধারন জ্ঞান ও পদ্ধতি সম্পর্কিত ট্রেনিং —এর ব্যবস্থা।
- কর্মচারীদের যে সম্পর্কে সঠিক তথ্য ও ট্রেনিং রয়েছে তাদের একমাত্র সে কাজ দেয়া।
- মারাত্মক ঝুঁকিপূর্ন মেশিনারী (উদাহরণস্বরূপ, মিক্সার, ময়দা মাখার মেশিন, মাংশ কাটার অস্ত্র, মিক্সার এবং এটাচমেন্ট, পাই ও টার্ট মেশিন এবং স্লাইসার) চালনার সময় ঝুঁকি বা বিপদ সম্পর্কে স্টাফদের সঠিক নির্দেশনা দিতে হবে। এছাড়া স্টাফের এই লোকজনকে পর্যাপ্ত ট্রেনিং দিতে হবে, বা যথাযথ সুপারভাইজারের অধীনে কাজ করতে হবে।
- আপনি যখন নতুন স্টাফ নিয়োগ করবেন তখনই তাদেরকে ট্রেনিং দিতে হবে। অনুরূপভাবে বিশেষ কোন ঝুঁকি যখন দেখা দেবে বা নতুন কোন ঝুঁকির সৃষ্টি হবে তখন প্রয়োজন সময় সময় অবশ্যই পূনরায় তাদেরকে ট্রেনিং দিতে হবে।
- স্টাফকে ঝুঁকি প্রতিরোধ নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে ইনফরমেশন প্রদান করুন। প্রয়োজনে লিখিত নির্দেশের ব্যবস্থা করতে হবে। কাজের যন্ত্রপাতির ইনফরমেশন ও নির্দেশনার সাথে অবশ্যই যে যন্ত্রপাতি ব্যবহৃত সেটির অবস্থা এবং সঠিক পরিচালনা পদ্ধতি অন্তর্ভুক্ত থাকতে হবে। এছাড়া ইনফরমেশন ও নির্দেশনায় সম্ভাব্য অস্বাভাবিক পরিস্থিতি এবং গ্রহনযোগ্য সঠিক পদক্ষেপ সম্পর্কে উল্লেখ থাকতে হবে।

এই পদক্ষেপ আপনার সেইফটি সিস্টেম অনুসরণ করে আপনাকে সহযোগিতা করা ও বড় ধরনের কোন বিপদ সম্পর্কে রিপোর্টের ক্ষেত্রে স্টাফকে তার আইনী দায়িত্ব পালনে সাহায্য করবে।
অন্যদের সাথে সমন্বয়
কন্ট্রাক্টরস্ঃ আপনি ও কন্ট্রাক্টরস্ উভয়েই একটি সিস্টেম দাঁড় করাবেন, যা দ্বারা আপনি একে অন্যকে ঝুঁকির সম্ভাবনা কথা বললেন এবং সেইফটি পদ্ধতি সম্পর্কে একে অন্যের সাথে সমন্বয়ের জন্য সহযোগিতা করবেন। আপনার ক্যাটারিং কার্যক্রম ক্যাটারিং ইঞ্জিনিয়ারের জন্য ঝুঁকির কার হতে পারে। তেমনিভাবে, ক্যাটারিং ইঞ্জিনিয়ার ঝুঁকির কারণ হতে পারে। কাউকে নিয়োগ করার পূর্বে তাই হাইজিন, হেলথ্ এন্ড সেইফটি এবং ঝুঁকি যাতে সঠিক নিয়ন্ত্রনে থাকে তা নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করুন।

ল্যান্ডলর্ড এবং মালিকঃ যে জায়গায় বা যে যন্ত্রপাতি ক্যাটারিং কাজে বা কন্ট্রাক্ট ক্যাটারিং কাজে ব্যবহৃত হয়, সে জায়গা বা যন্ত্রপাতির মালিক বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ঐ জায়গা বা যন্ত্রপাতির সাথে সংশ্লিষ্ট ঝুঁকির জন্য আইনতঃ দায়ী। কোন যন্ত্রপাতির মালিকানা ও নিয়ে আসা এবং তার কর্মচারীদের জন্য কাজে লাগানোর জন্য কন্ট্রাক্টর হলো দায়িত্বপ্রাপ্ত । প্রত্যেক পার্টি যাতে তাদের দায়িত্ব সম্পর্কে ওয়াকিবহাল থাকে এবং সে অনুযায়ী ভুমিকা পালন করে তা লিয়াজো করার বিষয়টি ব্যবস্থপনায় নিশ্চিত করতে হবে। অন্যকোন নিয়োগকর্তার জায়গায় যদি কন্ট্রাক্ট ক্যাটারার দীর্ঘমেয়াদে কাজ করে, তাহলে এক্ষেত্রে সহযোগিতা, সমন্বয় এবং সম্মানজনক দায়িত্ব বন্টনের ব্যপারে আরো বিস্তারিত ব্যবস্থপনার প্রয়োজন হবে।

তত্ত্ববধান

যন্ত্রপাতি ও কর্মস্থল যে নিরাপদ এবং নিরাপদ পদ্ধতি অনুসরণ করা হচ্ছে তা নিশ্চিত করার জন্য অবশ্যই যথাযথ তত্ত্বাবধানের ব্যবস্থা করতে হবে।

রেফারেন্সগুলো

1. **ক্যাটারিং সেইফটিঃ ফুড প্রিপারেশন মেশিনারী এইচএস(জি)** 35 1987 **এইচএসই বুকস্ আইএসবিএন** 0 11 8839101
2. **সেইফটি ইন মিট প্রিপারেশনঃ গাইডেন্স ফর বুচারস্ এইচএস(জি)** 145 1995 **এইচএসইবুক্স্ আইএসবিএন** 0 7176 0781 **এক্স**
3. **হেলথ্ এন্ড সেইফটি ইন কিচেন্স এন্ড ফুড প্রিপারেশন এরিয়াজ এইচএস(জি)** 55 1990 **এইচএসই বুকস্ আইএসবিএন** 0 18854275
4. **ওয়ার্ক ইকুইপমেন্টঃ প্রভিশন এন্ড ইউজ অব ওয়ার্ক ইকুইপমেন্ট রেগুলেশন্স** 1992 **গাইডেন্স অন্য দ্যা রেগুলেশন্স এল** 22 1992 **এইচএসই বুকস্** 0 71760 414 4
5. **মেনটেইনিং পোর্টেবল এন্ড ট্রান্সপোর্টেবল ইলেক্ট্রিক্যাল ইকুইপমেন্ট এইচএস(জি)** 107 1994 **এইচএসই বুকস্ আইএসবিএন** 0 7176 0751 1
6. **মেনটেনিং পোর্টেবল ইলেক্ট্রিক্যাল ইকুইপমেন্ট ইন হোটেলস্ এন্ড ট্যুরিস্ট একোমডেশন আইএনডি (জি)** 164 **(এল) এইচএসই ফ্রি লিফলেট**

এইচএসই কর্তৃক প্রকাশনা মেইল ওর্ডার ফরমে নিম্নের ঠিকানা থেকে মূল্য দিয়ে এবং বিনা মূল্যে পাওয়া যাবে। HSE Books, PO, Box 1999, Sudbury, Suffolk CO10 6FS **টেলিঃ** 01787 881165 **ফ্যাক্সঃ** 01787 313995

নামী বইয়ের দোকান থেকে এইচএসঅ কর্তৃক প্রকাশনা কিনতে পাওয়া যাবে । অন্যান্য তথ্যের জন্য এইচএসই —এর ইনফোলাইনের টেলিঃ 0541 545500 **নাম্বারে ফোন করুন অথবা** HSE's Information Centre, Broad Lane, Sheffield S3 7 HQ **এই ঠিকানায় লিখুন।**

বৃটিশ মানের বইগুলো BSI Sales and Customer Services, 389 Chiswick High Road, London W44AL **টেলিঃ** 020 8996 7000 **ফ্যাক্সঃ** 020 8996 7001 **থেকে সংগ্রহ করা যাবে।**

এই গাইডেন্স হেলথ্ এন্ড সেইফটি একজিকিউটিভ কর্তৃক ইস্যু করা হয়েছে। এই গাইডেন্স অনুসরণ করা বাধ্যামুলক নয় এবং কোন ব্যবস্থা গ্রহনের ক্ষেত্রে আপনার স্বাধীনতা রয়েছে। কিন্তু আপনি যদি এই গাইডেন্স অনুসরণ করেন তাহলে আপনার পক্ষে আইনটি যথেষ্ট মেনে চলা হয়েছে

বলে গন্য হবে। হেলথ্ এন্ড সেইফটি ইন্সপেক্টর এই আইন মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে চায় এবং এই গাইডেন্স বাস্তব ব্যবহারের দৃষ্টান্তরূপে রেফার করার সম্ভাবনা রয়েছে।

এই প্রকাশনা সম্ভবতঃ বিনামূল্যে বিতরণের জন্য পূনঃ প্রকাশিত হবে, বিজ্ঞাপন, এনডোরস্মেন্ট বা বিক্রি করার বিষয় ছাড়া। এতে যে ইনফরমেশন রয়েছে তা হলো 1/97-এর । তাই সূত্র হিসেবে এইচএসই-এর কাছে কৃতজ্ঞ।